# প্রতিবন্ধী বাচ্চাদের জন্য বিপর্যয়ের প্রস্তুতি: টেকসই চিকিৎসা সরঞ্জামের প্রয়োজন

যদি আপনি একজন প্রতিবন্ধী বাচ্চার উকিল, পরিচর্যা প্রদানকারী অথবা পরিবারের সদস্য হন, তাহলে কোনও বিপর্যয় অথবা জনস্বাস্থ্য জরুরি অবস্থা ঘটার আগে কিভাবে এবং কোথা থেকে টেকসই চিকিৎসা সরঞ্জাম (durable medical equipment, DME) পাওয়া যাবে তা জেনে রাখা গুরুত্বপূর্ণ। DME একটি চিকিৎসা সরঞ্জাম যা এমন মানুষদের চিকিৎসাগত সুবিধা প্রদান করে যাদের নির্দিষ্ট আঘাত অথবা অসুস্থতা আছে। এই প্রচারপত্রটি মার্কিন যুক্ত রাষ্ট্রের বিপর্যয় নিয়ন্ত্রণ প্রয়াসকে সহায়তা করার জন্য এবং সরকারি এজেন্সি, বেসরকারি এবং ব্যক্তিগত সংস্থাকে সম্পদ খুঁজতে সাহায্য করার জন্য তৈরি করা হয়েছে এবং কমিউনিটি বিপর্যয় এবং জনস্বাস্থ্য জরুরি অবস্থার জন্য প্রস্তুতি নেয়, ব্যবস্থা গ্রহণ করে এবং পুনরুদ্ধার করে। এটি প্রতিবন্ধী বাচ্চাদের পরিচর্যা প্রদানকারীকে বাচ্চাদের স্বাস্থ্য এবং নিরাপত্তার ব্যাপারে উন্নত জ্ঞাত সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে এবং বিপর্যয়ের সময় কমিউনিটিদের মধ্যে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের রূপায়ণকে সমর্থন করে।



একটি বিপর্যয় অথবা জনস্বাস্থ্য স্বাস্থ্য জরুরি অবস্থা, বাচ্চাদেরকে সম্পদ প্রদান করার কমিউনিটির ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণ কার্যালয় অথবা বেসরকারি সংস্থার থেকে সাহায্যের মাধ্যমে একটি বিপর্যয় ঘটার আগেই কমিউনিটির এই সমস্যার সমাধান করার জন্য প্রস্তুত থাকা উচিত। একটি বিপর্যয় ঘটলে প্রতিবন্ধী বাচ্চাদের জন্য কিভাবে এবং কোথায় সম্পদ পাওয়া যাবে তা জেনে রাখা জীবন বাঁচাতে পারে। বিপর্যয়ের সময় প্রাপ্তবয়স্কদের তুলনায় বাচ্চাদের ক্ষতি হওয়ার বেশি সম্ভাবনা থাকে এবং সুচ, অক্সিজেন মাস্ক এবং ভেন্টিলেটরের জন্য টিউবিং, হুইলচেয়ার এবং ওয়াকার সহ ওষুধের বিভিন্ন মাত্রা এবং বিভিন্ন আকারের সরঞ্জামের প্রয়োজন হয়। সম্পদ বন্টন যোজনাগুলিকে সুনিশ্চিত করতে হবে যে বাচ্চাদের-আকারের সরঞ্জাম, অ্যান্টিবায়োটিক্স, অ্যান্টিডোটস্ এবং টিকা লভ্য রয়েছে এবং সাধারণত বাচ্চারা যেখানে একত্রিত হয় যেমন স্কুল-পরবর্তী কর্মসূচি, ডে কেয়ার এবং শিশু পরিচর্যা পরিষেবায় দেওয়া যেতে পারে।

NYC Health

# বিপর্যয়ের আগে আপনার যে সমস্ত তথ্য জেনে রাখা উচিত

## যদি আপনি একজন প্রতিবন্ধী বাচ্চার উকিল, পরিচর্যা প্রদানকারী অথবা পরিবারের সদস্য হন, তাহলে আপনার এগুলি জেনে রাখা উচিত:

- হারিয়ে যাওয়া, ক্ষতিগ্রস্ত, নষ্ট এবং অব্যবহারযোগ্য DME, প্রস্থেটিক্স এবং সরবরাহগুলিকে কোথায় এবং কিভাবে প্রতিস্থাপন করতে হবে। নথিপত্র যেমন চিকিৎসকের আদেশ অথবা চিকিৎসাগত আবশ্যকতার পত্র অথবা একজন চিকিৎসকের সাথে সাক্ষাৎ DME প্রতিস্থাপন করার জন্য সাধারণত প্রয়োজন হয়। যদিও Medicare এবং Medicaid পরিষেবা সেন্টারসহ (Centers for Medicare & Medicaid Services, CMS) কয়েকটি ভেন্ডর এবং সরবরাহকারী বিপর্যয় অথবা জনস্বাস্থ্য স্বাস্থ্য জরুরি অবস্থার সময় এই প্রয়োজনগুলি থেকে অব্যাহতি দিতে পারে পারে। আকার, মেক এবং মডেল অথবা আপনি যে DME প্রতিস্থাপন করতে ইচ্ছুক তার জন্য প্রয়োজনীয় নথিপত্রের ব্যাপারে জানা থাকলে, Medicaid এবং শিশু স্বাস্থ্য বিমা কর্মসূচি (Children's Health Insurance Program) কর্তৃপক্ষের মাধ্যমে দাবির জন্য সহায়তা পাওয়া যেতে পারে।

- আপনি অথবা আপনার পরিবারের সদস্য একটি ডায়ালিসিস মেশিন অথবা এরকম সরঞ্জাম ব্যবহার করলে, কোনও ব্যক্তিকে কিভাবে সেটির সাথে সংযুক্ত করবেন এবং বিচ্ছিন্ন করবেন। এটি আপনার পরিবারের সদস্যের সংক্রমণ অথবা আঘাতের ঝুঁকি কমাবে এবং নিশ্চিত করবে যে বিপর্যয়ের সময় সবাই দ্রুত এবং নিরাপদভাবে স্থান ত্যাগ করতে পারছে। আপনার ডায়ালিসিস সেন্টার এরকম প্রশিক্ষণ প্রদান করছে কিনা জানুন।

- আপনার ঔষধ প্রদানকারী চিকিৎসক এবং আপনি যে ফার্মাসিতে যান তার নাম এবং যোগাযোগ তথ্য।





# পরিবার যে ব্যবস্থাগুলি নিতে পারে

- আপনার ফোনে সরকারি, বেসরকারি এবং ব্যক্তিগত DME প্রদানকারীর ওয়েবসাইটের লিংক ও আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর যোগাযোগের তথ্য সেভ করুন।

- আপনার আইফোনে মেডিকেল আইডি সক্রিয় করুন। মেডিকেল আইডি একটি বৈশিষ্ট্য যা iOS হেল্থ অ্যাপের মধ্যে দেওয়া হয়েছে যা আপনার ফোন আনলক না করেই উদ্ধার কর্মীকে অ্যালার্জি, আপনার ঔষধ, অঙ্গদান স্থিতি, রক্তের প্রকার এবং জরুরি অবস্থার যোগাযোগ সহ আপনার চিকিৎসাগত তথ্য দেখার অনুমতি প্রদান করে। যদি আপনার কাছে একটি অ্যান্ড্রয়েড ফোন থাকে তাহলে সেখানে এরকমই কিছু অ্যাপ আছে যা আপনি ডাউনলোড এবং ব্যবহার করতে পারেন।

- এমন কোথাও জরুরি রেকর্ডগুলি আপলোড করুন যাতে আপনার ফোন হারিয়ে গেলে অথবা ক্ষতিগ্রস্ত হয়ে গেলে আপনি তা পেতে পারেন যেমন আপনার ফোনের ক্লাউড স্টোরেজ অথবা ব্যক্তিগত ইমেল।

- আপনার কমিউনিটির মধ্যে জরুরি ঘটনার ব্যাপারে তথ্য অথবা সতর্কতা পাওয়ার জন্য সাইন আপ করুন।

- আপনার পরিবহন বিকল্পগুলি পর্যবেক্ষণ করুন এবং বিপর্যয়ের সময় আপনাকে আপনার এলাকা ত্যাগ করতে হলে সেগুলির ব্যাপারে আপনার পরিবারকে জানান।

- জীবন বাঁচানোর সরঞ্জামের ব্যাপারে পড়ুন। আরও তথ্য ওয়াশিংটন স্টেটের সামাজিক এবং স্বাস্থ্য পরিষেবা দপ্তরের (Washington State Department of Social & Health Services) ওয়েবসাইটে পাওয়া যাবে।

**গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য:** CMS-এর কাছে সংগ্রহের জন্য কোনও সরঞ্জাম উপলব্ধ নেই। স্টেট Medicaid এজেন্সির DME প্রদানকারী এবং হাসপাতালের সাথে চুক্তি থাকতে পারে যাদের কাছে এই সরঞ্জাম উপলব্ধ হতে পারে।

# অতিরিক্ত সম্পদ

- **CMS**: বিপর্যয় প্রতিকার উপকরণ (Disaster Response Toolkit)
- **CMS**: টেকসই চিকিৎসা সরঞ্জামের কভারেজ (Durable Medical Equipment Coverage)
- **CMS**: সরবরাহকারীর ডিরেক্টরি (Supplier Directory)
- **হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ (Department of Homeland Security, DHS)**: জরুরি অবস্থায় এবং বিপর্যয়ের সময় নাগরিক অধিকার (Civil Rights in Emergencies and Disasters)
- **DHS**: জরুরি অবস্থায় সতর্কতা (Emergency Alerts)
- **DHS**: স্থানীয় জরুরি অবস্থা নিয়ন্ত্রণ তথ্য (Local Emergency Management Information)
- **ফেডেরাল জরুরি অবস্থা নিয়ন্ত্রণ এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA)**: কমিউনিটি যোজনা এবং ক্ষমতা নির্মাণ (Community Planning and Capacity Building)
- **FEMA**: প্রতিবন্ধী এবং অন্যান্য বিশেষ প্রয়োজন সহ ব্যক্তিদের উদ্দেশ্যে বিপর্যয়ের জন্য প্রস্তুতি (Preparing for Disasters for People with Disabilities and Other Special Needs)



এই নথিপত্রের তথ্যগুলি হারভার্ড জাতীয় প্রস্তুতি নেতৃত্ব উদ্যোগের (Harvard National Preparedness Leadership Initiative, NPLI) অংশ হিসেবে Medicare এবং Medicaid পরিষেবা সেন্টারের (Centers for Medicare & Medicaid Services) পরামর্শের সাহায্যে তৈরি করা হয়েছে। এই NPLI জনস্বাস্থ্যের জন্য হার্ভার্ড টি.এইচ. চ্যান স্কুল (Harvard T.H. Chan School of Public Health) এবং হার্ভার্ড কেনেডি স্কুল অফ গভার্নমেন্টে জন নেতৃত্বের জন্য কেন্দ্রের (Center for Public Leadership at the Harvard Kennedy School of Government) একটি যৌথ উদ্যোগ। পৃষ্ঠা 1-এর চিত্রটি রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধে কেন্দ্র (Centers for Disease Control and Prevention) থেকে নেওয়া হয়েছে।